তারিখ : 12 SEP 2016
পৃষ্ঠা 6 কলাম 8

দৈনিক
আমাদের সময়

# শরীয়তপুরে ২০ শিক্ষা প্রতিষ্ঠানে বেতন-বোনাস পায়নি কেউ

শরীয়তপুর প্রতিনিধি •

শরীয়তপুরের গোসাইরহাট উপজেলার ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে আগস্ট মাসের বেতন ও বোনাস পাননি কেউ। ফলে বেতন-বোনাস না পেয়ে ঈদ করতে পারছেন না তারা। জানা গেছে, ১০ বছর আগে শরীয়তপুর সদর শাখা অগ্রণী ব্যাংক থেকে গোসাইরহাট শিক্ষকরা বেতন ও বোনাস তুলতেন। পরে বেতন তোলার জন্য গোসাইরহাট সোনালী ব্যাংক শাখাকে দায়িত্ব দেওয়া হয়। ঈদুল আজহায় এ শাখায় ডিজি থেকে বেতন পাঠালেও এ উপজেলার ২০টি শিক্ষা প্রতিষ্ঠান ৩০০ শিক্ষক-কর্মচারীকে বেতন-বোনাস দেননি অভিযোগ শিক্ষক-কর্মচারীদের। প্রায় ৬০ লাখ টাকা পাননি শিক্ষক কর্মচারী। সামন্তসার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, সামনে ঈদ। কিন্তু আগস্ট মাসের বেতন ও বোনাস পাইনি। সন্তানদের নিয়ে ঈদ ভালো কাটলো না। আমি একভাবে ঈদ করতে প্যারব কিন্তু আমার শিক্ষক কর্মচারীরা কীভাবে ঈদ করবেন? সহকারী শিক্ষক জাহিদ হোসেন তালুকদার, শাহবুদ্দিন, সালাম মাস্টার জানান, বেতন-বোনাস না পেয়ে টাকা ধার করেছি। দফতরি আব্দুল মজিদ বয়াতি বলেন, বেতন না পেয়ে এবার ঈদ করতে পারলাম না।

সোনালী ব্যাংকের গোসাইরহাট শাখার ম্যানেজার মো. আতাউল করিম বলেন, শিক্ষকদের বেতন-বোনাস ব্যাংকে আসেনি। না আসলে কীভাবে দেব?

গোসাইরহাট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোফাজ্জল হোসেন বলেন, আমি জানি ডিজি থেকে ব্যাংকে টাকা এসেছে। কোনো শিক্ষক বেতন পাননি তা তো তারা জানাননি।